ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭২২
খোয়াই, ১২ নভেম্বর, ২০২৫

## খোয়াইয়ে জেলাভিত্তিক নিপুন উৎসব অনুষ্ঠিত

খোয়াই জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে গতকাল খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় সংলগ্ন বিআরসি হলে জেলাভিত্তিক নিপুন উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অর্পণা সিংহ রায় (দত্ত) বলেন, শিক্ষার পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে। কাজেই মানব সম্পদ বিকাশে ও নিজেদের শিক্ষিত করে তুলতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। খোয়াই ব্লক এস সি সাব কমিটির চেয়ারম্যান সমীর কুমার দাস বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনের পাশাপাশি নেশামুক্ত ত্রিপুরা গঠনে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী রঞ্জন দাস। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক স্বপন সরকার। অনুষ্ঠান শেষে জেলার বিভিন্ন বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের ১২টি প্রদর্শনী স্টল ঘুরে দেখেন, সভাধিপতি অর্পণা সিংহ রায় (দত্ত) সহ অন্যান্য অতিথিগণ। অনুষ্ঠানে জেলার বিভিন্ন বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের প্রতিনিধি, ব্লক রিসোর্সপার্সন, ক্লাস্টার রিসোর্স পার্সন প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে লার্নিং লেভেল কমপ্লিট করেছে এমন ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন সভাধিপতি অর্পণা সিংহ রায় (দত্ত) সহ অন্যান্য অতিথিগণ। সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি মতিলাল দেববর্মা।

*****